দৈনিক বাংলা

তারিখ 11 AUG 1988
পৃষ্ঠা ৫ কলাম 3

# বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ে নানা সংকট

অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা '৮৭-র ফল প্রকাশিত হয়েছে। অর্ধেকের মত পরীক্ষার্থী এই পরীক্ষায় ফেল করেছে। রেফার্ড প্রাপ্তরা পুনরায় রেফার্ড বিষয়ে পরীক্ষা দেবে। রেফার্ডে যারা ফেল করবে তারা আবার '৮৮ সালের পরীক্ষায় অবতীর্ণ হবে। অথচ '৮৮ সালের পরীক্ষার তারিখ ১৫ই সেপ্টেম্বর নির্ধারণ করা হয়েছে। এ তারিখে পরীক্ষা আরম্ভ হলে ৮৭ সালের অকৃতকার্য পরীক্ষার্থীরা পূর্ণ প্রস্তুতি নিয়ে ৮৮ সালের পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে না। সামগ্রিক পরিস্থিতি এবং অকৃতকার্য পরীক্ষার্থীদের, ভবিষ্যৎ চিন্তা করে ৮৮-র পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

—মোঃ মিজানুর রহমান,
কসাইটুলী লেন, ঢাকা।

॥ ২ ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর বর্ষ সমাপনী পরীক্ষার সময়সূচী ঘোষিত হয়েছে। শ্রদ্ধেয় শিক্ষকমণ্ডলী কর্তৃক বারো মাসে শেষ করার মত করে পাঠ্যসূচী নির্ধারিত করা হয়। প্রথম বর্ষের বার্ষিক পরীক্ষা আগামী ত্রিশে আগস্ট থেকে নেয়া হবে বলে ঘোষণা করা হয়েছে। গত বছরের শেষ দিক থেকে ক্লাস আরম্ভ হওয়ার কথা থাকলেও মূলতঃ ক্লাস আরম্ভ হয় এ বছরের প্রথম দিক থেকে। বিভিন্ন কারণে (বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কারণে বন্ধ, সরকারী অনির্ধারিত ছুটি) ছয় মাসের বেশী ক্লাস হয়নি। ১২ মাসের জন্য নির্ধারিত পাঠ্যসূচী ছয় মাসে শেষ করতে ছাত্রছাত্রীদের প্রচণ্ড মানসিক চাপের সম্মুখীন হতে হচ্ছে। এখনো কোন কোন বিভাগে ক্লাস নেয়া হচ্ছে। পরীক্ষার পূর্বে ছাত্রছাত্রীদের পরীক্ষার জন্য প্রস্তুতি নেয়ার জন্য বেশ কিছু সময়ের দরকার হয়। নির্ধারিত ৩০শে আগস্ট থেকে পরীক্ষা আরম্ভ হলে অধিকাংশ ছাত্রছাত্রীই আশানুরূপ ফলাফল লাভে ব্যর্থ হবে। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ, প্রথম বর্ষ সমাপনী পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়া হোক।

কয়েকজন পরীক্ষার্থী
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

065